

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৩.১৬.৭২

তারিখ: ২৬ মাঘ ১৪২৬
০৭ ফেব্রুয়ারি ২০২০

অভিযোগনামা


যেহেতু, আপনি জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকাবিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর এর চিকিৎসা ছুটি এবং অপেক্ষামান ছুটির তারিখ (প্রাপ্যতা সাপেক্ষে) পৃথকভাবে উল্লেখপূর্বক মতামতসহ প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করা হলে সংশ্লিষ্ট অধ্যক্ষ আপনার জবাবে জানান যে, উক্ত কর্মকর্তা তার স্বাক্ষর জাল করে এ বিভাগে প্রেরণ করেন। এর পরিপ্রেক্ষিতে আপনাকে অধ্যক্ষ কর্তৃক কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে উক্ত কর্মকর্তা অধ্যক্ষের স্বাক্ষর জাল করার কথা স্বীকার করেন। আপনার ০৯ (নয়) মাস অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ও অধ্যক্ষের স্বাক্ষর জাল করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোহাম্মদ নজরুল ইসলাম
প্রভাষক (মৃত্তিকাবিজ্ঞান)
সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর।

স্থায়ী ঠিকানা:

জনাব মোহাম্মদ নজরুল ইসলাম
এসএ-২, ২৩/১ দিলু রোড, স্কাটন
ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকাবিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর এর চিকিৎসা ছুটি এবং অপেক্ষামান ছুটির তারিখ (প্রাপ্যতা সাপেক্ষে) পৃথকভাবে উল্লেখপূর্বক মতামতসহ প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করা হলে সংশ্লিষ্ট অধ্যক্ষ তার জবাবে জানান যে, উক্ত কর্মকর্তা তার স্বাক্ষর জাল করে এ বিভাগে প্রেরণ করেন। এর পরিপ্রেক্ষিতে তাকে অধ্যক্ষ কর্তৃক কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে উক্ত কর্মকর্তা অধ্যক্ষের স্বাক্ষর জাল করার কথা স্বীকার করেন। তার ০৯ (নয়) মাস অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ও অধ্যক্ষের স্বাক্ষর জাল করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রভাষক (মৃত্তিকাবিজ্ঞান), সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর-কে সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব